

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
বাজেট শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bridgesdivision.gov.bd

নম্বর: ৫০.০০.০০০০.২০১.২০.১৪০.১৯-১০১৪

তারিখ: ১১ ডিসেম্বর ২০১৯
২৬ অগ্রহায়ণ ১৪২৬

অফিস আদেশ

অর্থ বিভাগের ১৩ জুন ২০১২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৩.২০০৮.৪২০ সংখ্যক স্মারকের আলোকে এ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি নিম্নলিখিতভাবে নির্দেশক্রমে গঠন করা হল:

বাজেট ব্যবস্থাপনা কমিটি গঠন ও কার্যপরিধি

(১) গঠন:

ক্রম	পদবি ও কর্মস্থল	পদ
১.	সচিব, সেতু বিভাগ	সভাপতি
২.	অতিরিক্ত সচিব (উন্নয়ন), সেতু বিভাগ	সদস্য
৩.	যুগ্মসচিব (প্রশাসন) ও বাজেট ওয়ার্কিং গ্রুপের প্রধান, সেতু বিভাগ	সদস্য-সচিব
৪.	পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ	সদস্য
৫.	পরিচালক (অর্থ ও হিসাব), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ	সদস্য
৬.	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ	সদস্য
৭.	প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ	সদস্য
৮.	প্রকল্প/কর্মসূচি পরিচালক (সকল), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ	সদস্য
৯.	উপসচিব (উন্নয়ন), সেতু বিভাগ	সদস্য
১০.	উপসচিব (বাজেট), সেতু বিভাগ	সদস্য
১১.	উপসচিব (প্রশাসন), সেতু বিভাগ	সদস্য
১২.	সংশ্লিষ্ট উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য (কারিগরি)
১৩.	পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট উপপ্রধান	সদস্য
১৪.	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি (পরিচালক পদমর্যাদা নিচে নয়)	সদস্য
১৫.	প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়	সদস্য
১৬.	সিনিয়র সহকারী সচিব (বাজেট), সেতু বিভাগ	সদস্য


(২) কার্যপরিধি:

- সেতু বিভাগের বাজেট সংশ্লিষ্ট স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী নীতির খসড়া পরীক্ষা ও অনুমোদনের জন্য সুপারিশ প্রদান;
- সেতু বিভাগের বাজেট সংশ্লিষ্ট পরিকল্পনা/কর্মপরিকল্পনা অনুমোদন;
- সেতু বিভাগের বাজেট কাঠামো অনুমোদন;
- বৈদেশিক সাহায্যপুঁজি প্রকল্প গ্রহণের বিষয়ে অনুমোদন;
- সচিবালয় এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা অনুমোদন;
- রাজস্ব আয়, অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন এ প্রক্ষেপণ অনুমোদন;
- রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদন;

৮. আগাম সংগ্রহ পরিকল্পনা (Advance Procurement Plan) সহ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুমোদন;
৯. মাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণের অগ্রগতি এবং সকল কার্যক্রম/প্রকল্প/ কর্মসূচির বাস্তবায়ন (Financial and non-financial) অগ্রগতি পর্যালোচনা এবং রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অর্জন এবং বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশী না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;
১০. ত্রৈমাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা এবং অনুমোদন;
১১. প্রধান কর্মকৃতি নির্দেশক এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন পরিবীক্ষণ এবং লক্ষ্যমাত্রাসমূহ যাতে অর্জিত হয় তা নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;
১২. নিরীক্ষা প্রত্যয়নের জন্য মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণের পূর্বে সেতু বিভাগের বার্ষিক উপযোজন হিসাব অনুমোদন; এবং
১৩. অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান।

(৩) অন্যান্য:

- কৌশলগত উদ্দেশ্যসমূহ ও অগ্রাধিকার নির্ণয়, কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রা নির্ধারণসহ এ জাতীয় বিশেষ কোন কাজ সম্পন্ন করার জন্য উপযুক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে বাজেট ব্যবস্থাপনা কমিটির উপকমিটি গঠন করা যেতে পারে এবং
- বাজেট ব্যবস্থাপনা কমিটি বছরে সাত বা ততোধিক সভায় মিলিত হবে। তবে, প্রয়োজনবোধে কমিটির সভাপতি যে কোন সময় বিশেষ সভা আহ্বান করতে পারবেন।


(মুহাম্মাদ রেজায়ে রাব্বী)
উপসচিব (বাজেট)
ফোন: ৫৫০৪০৩৪৩
rabbi15547@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা।
৩. নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৪. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
৫. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৭. যুগ্মসচিব (প্রশাসন), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৮. পরিচালক (প্রশাসন)/(অর্থ ও হিসাব)/(পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৯. প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১০. প্রকল্প/কর্মসূচি পরিচালক (সকল), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১১. উপসচিব (উন্নয়ন)/বাজেট/(প্রশাসন), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১৫. প্রোগ্রামার, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা [অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]